

প্রকাশ : ১১ এপ্রিল, ২০১৭ ১২:৫৬
আপডেট : ১১ এপ্রিল, ২০১৭ ১৮:২০

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

ভাঙা হচ্ছে ইতালির দূতাবাসের অবৈধ ব্লক

অনলাইন ডেস্ক



ইতালির দূতাবাসের অবৈধ ব্লক ভাঙা শুরু করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) কর্তৃপক্ষ। মঙ্গলবার সকাল সোয়া ১১টার পর গুলশান-২ নং সার্কেলের ৭৯ নং রোডের দূতাবাসের অবৈধ ব্লকটি ভাঙার কাজ শুরু হয়।

উচ্ছেদ অভিযান শুরুর আগে মেয়র আনিসুল হক কূটনৈতিক অফিসে বার্তা পাঠিয়েছিলেন। নিজ উদ্যোগে সরিয়ে না নেওয়ায় এসব অবৈধ ব্লক ও

পুলিশ ব্লক উচ্ছেদ করেছে ডিএনসিসি। অভিযানে উপস্থিত রয়েছেন ডিএনসিসি 'র প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল মো. সাঈদ আনোয়ারুল ইসলাম, ডিএনসিসি'র নির্বাহী মো. সাজিদ আনোয়ারসহ অন্য কর্মকর্তারা।

ইতালিয়ান দূতাবাসের পর শুরু হবে পাকিস্তান হাইকমিশনের অবৈধ অংশের উচ্ছেদ। একই অভিযোগে রাশিয়া, অস্ট্রেলিয়া, জার্মান ও সৌদি দূতাবাসে এ সংক্রান্ত চিঠি দেবেন মেয়র আনিসুল হক। নিজ উদ্যোগে সরিয়ে না নিলে সেগুলো উচ্ছেদ করবে ডিএনসিসি।

বিডি প্রতিদিন/১১ এপ্রিল, ২০১৭/ফারজানা